কালের কণ্ঠ

তারিখ 29 OCT 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

### শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ জারি

# বদলির তদবির এলেই শাস্তি

নিজস্ব প্রতিবেদক ▷

বদলির তদবির বন্ধে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কোনো কর্মকর্তা দায়িত্বে অবহেলা করে বদলির তদবির নিয়ে মন্ত্রণালয়ে এলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে বদলির জন্য নির্ধারিত আবেদন ফরমও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এই ফরম পূরণ করে ই-মেইলে পাঠাতে সরকারি কলেজের শিক্ষকদের নির্দেশ দেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব আবু কায়সার খান স্বাক্ষরিত শাখা-৬ (কলেজ) থেকে গত বৃহস্পতিবার এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। তাতে বলা হয়েছে, বদলিসংক্রান্ত আবেদনের হার্ড কপি কোনোভাবেই শিক্ষা মন্ত্রণালয়ে গ্রহণ করা হবে না। একই সঙ্গে বদলির আবেদন নিয়ে সশরীরেও আসা যাবে না। আর জরুরি প্রয়োজনে মন্ত্রণালয়ে আসতে হলে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। ক্লাস ফাঁকি বা দায়িত্বে অবহেলা করে মন্ত্রণালয়ে আগমনকারী শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

মন্ত্রণালয় সূত্র জানায়, প্রতিদিনই দেশের বিভিন্ন স্থান থেকে বদলির তদবির নিয়ে মন্ত্রী, সচিব ও কর্মকর্তাদের শরণাপন্ন হচ্ছেন সরকারি কলেজের শিক্ষক-কর্মকর্তারা। আর ঢাকা ও আশপাশের কলেজের শিক্ষক-কর্মকর্তারা তো প্রতিনিয়তই নানা অজুহাতে মন্ত্রণালয়ে আসছেন। এতে মন্ত্রণালয়ের স্বাভাবিক কাজকর্মে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এমনকি তদবিরে আসা শিক্ষকরা নানাভাবে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে অর্থের লেনদেনও করছেন।

বিষয়টি অতি গুরুত্বপূর্ণ উল্লেখ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের কাছে চিঠি পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কর্মকর্তারা জানান, অনলাইনে প্রাপ্ত বদলির আবেদন যাচাই-বাছাই করে নিয়ম অনুযায়ী সিদ্ধান্ত নেবে মন্ত্রণালয়। এতে কর্মকর্তাদের ভোগান্তি কমবে, কাজেও স্বচ্ছতা আসবে। বদলির আবেদন ই-মেইলে ds college@moedu.gov.bd এবং সিসি sas coll@moedu.gov.bd ঠিকানায় পাঠানোর পরামর্শ দেওয়া হয়েছে। বদলিসংক্রান্ত আবেদনের নমুনাও ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।